মেহেরপুরে ফেন্সিডিলসহ ৭ মামলার আসামী আটক

মেহেরপুরে ৬ বোতল ফেন্সিডিলসহ ওটন মোল্লা নামের এক মাদক মামলার আসামীকে আটক করেছে ডিবি পুলিশ। বৃহস্পতিবার দিবাগত রাতে এস আই তরিকুলের নেতৃত্বে অভিযান চালিয়ে সদর উপজেলার বুড়িপোতা গ্রাম থেকে তাকে আটক করা হয়। আটক ওটন মোল্লার বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় ৭টি মাদকের মামলা রয়েছে। আসামী ওটন সদর উপজেলার বুড়িপোতা গ্রামের বর্ডার পাড়ার মৃত এয়ার মোল্লার ছেলে৷

বিষয়টি নিশ্চিত করে জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী জানান, আটক আসামী ওটন মোল্লার বিরুদ্ধে ৭টি মাদকের মামলা বিচারাধীন রয়েছে। এছাড়াও ফেন্সিডিলসহ আটক হওয়ায় তার বিরুদ্ধে আরও একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।
মেপ্র/এমএফআর

মেহেরপুরিয়ান ফেসবুক গ্রুপের মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ

মেহেরপুরিয়ান গ্রুপের পক্ষ থেকে অটোরিকশা, ভ্যান চালক, মোটর সাইকেল আরোহীদের মধ্যে ১ হাজার মাস্ক ও ৬০০ হ্যান্ডস্যানিটাইজার বিতরণ করা হয়।

বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর সদর উপজেলার বারাদী বাজার ও গাংনীতে ফরিদ সিকদার ফাহিম এই কর্মসূচির উদ্বোধন করেন।

এ সময় তিনি বলেন, সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও প্রাণঘাতী করোনাভাইরাসের আক্রান্তের সংখ্যা দিন দিন বেড়েই চলেছে। তারই পরিপেক্ষিতে আমরা কিছু সংখ্যক মানুষের মাঝে মাস্ক ও

হ্যান্ডস্যানিটাইজার বিতরণ করেছি।

এ সময় আরও উপস্থিত ছিলেন মেহেরপুরিয়ান গ্রুপের এডমিন নাইমুল ইসলাম, রাব্বি হোসেন, এস আই শাকিল, রাজা,মোহাম্মদ রাজন ও বানী আমিন প্রমুখ।

মেহেরপুর পৌরসভায় চাল বিতরণ

চলমান করোনাভাইরাস সংক্রামক প্রতিরোধে ঈদুল আযহা উপলক্ষে ক্ষতিগ্রস্ত ও দুস্থ অসহায় পরিবারের মাঝে প্রধানমন্ত্রীর ত্রাণ উপহার চাল বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে পৌরসভা চত্বরে চাল বিতরণের উদ্বোধন করেন পৌর মেয়র ও জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটন।

এসময় মেহেরপুর পৌরসভার ১,২,৩ নম্বর ওয়ার্ডের ১৪৯৫ টি অসহায় গরীব পরিবারের মাঝে ১৫ কেজি করে চাল বিতরণ করা হয় ।

খাদ্য বিতরণ কালে পৌর প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর আল মামুন, নুরুল আশরাফ রাজিব, শাকিল রাব্বি ইভান, পৌর কর্মকর্তা-কর্মচারীগণ ও যুবলীগ নেতা আমিনুর রহমান সোহেল সাইদুর রহমান সহ অনেকে উপস্থিত ছিলেন।
মেপ্র/এমএফআর

স্বাস্থ্য অধিদফতরের নতুন মহাপরিচালক হচ্ছেন ডা. এনায়েত

স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক হিসেবে নিয়োগ পাচ্ছেন অধ্যাপক ডা. এ. এইচ. এম এনায়েত হোসেন। বৃহস্পতিবার স্বাস্থ্য মন্ত্রণালয়ের একটি সূত্র এ তথ্য জানিয়েছে। সর্বশেষ তিনি

স্বাস্থ্য শিক্ষা অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করছিলেন।

এদিকে স্বাস্থ্য শিক্ষা অধিদফতরের মহাপরিচালক হচ্ছেন ডা. আবুল বাশার মোহাম্মদ খুরশিদ আলম।

ডা. এনায়েত হোসেন সিলেট মেডিকেল কলেজ থেকে এমবিবিএস পাস করে ১৯৮৯ সালে ৮ম বিসিএস ক্যাডারে নিয়োগ পান। সিলেট মেডিকেল কলেজ হাসপাতালে দীর্ঘদিন মেডিকেল অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন এ চিকিৎসক।

২০০৩ সালে রংপুর মেডিকেল ও ২০০৭ সালে জাতীয় চক্ষুবিজ্ঞান ইন্সটিটিউশনে পরিচালক হিসেবে নিয়োগ পান তিনি। ২০১৫ সালে স্বাস্থ্য অধিদফরের ডাইরেক্টর (এনসিডিসি) হিসেবে নিয়োগ দেয়া হয়। পরে তিনি অতিরিক্ত মহাপরিচালক (এজিডি) পদে দায়িত্বপ্রাপ্ত হন।

এর আগে বৃহস্পতিবার করোনা ভাইরাস পরীক্ষা নিয়ে বিভিন্ন হাসপাতালের প্রতারণা নিয়ে তোলপাড়ের মধ্যেই স্বাস্থ্য অধিদফতরের হাসপাতাল শাখার পরিচালক ডা. আমিনুল হাসানকে ওএসডি (বিশেষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা) করা হয়েছে। তার স্থলে নতুন পরিচালক হিসেবে নিয়োগ দেয়া হয়েছে ডা. ফরিদ হোসেন মিয়াকে।

শৈলকুপায় প্রতিবেশী নাতনীকে ধর্ষণের দায়ে অভিযুক্ত দাদার আত্মহত্যা

ঝিনাইদহের শৈলকুপায় টাকার লোভ দেখিয়ে ৬ বছরের নাতনীকে ধর্ষণের ঘটনায় অভিযুক্ত দাদা কালাম শাহ (৬৫) সামাজিক লজ্জার ভয়ে আত্মহত্যা করেছে।

বৃহস্পতিবার ভোররাতে উপজেলার মনোহরপুর ইউনিয়নের বিঞ্চুদিয়া গ্রামে এ ঘটনা ঘটে। অভিযুক্ত কালাম শাহ ওই গ্রামের মৃত আইনউদ্দীণ শাহ‘র ছেলে।

স্থানীয়রা জানান, ভোর সাড়ে ৫টার দিকে ওই গ্রামের শিক্ষার্থী রাশেদ কোচিংয়ে যাচ্ছিল। ঘটনাস্থলে পৌছাতেই দেখে রাস্তার পাশে থাকা আম গাছের ডালে ধর্ষক ঝুলে আছে। পরে চিৎকার দিয়ে পাশে একটি বাড়িতে গিয়ে ঘটনাটি খুলে বলে এবং অজ্ঞান হয়ে পড়ে। ধর্ষক কালাম শাহ সামাজিক লাজলজ্জার ভয়ে শেষ রাতের কোন এক অংশে হয়তো গলায় গামছা পেঁচিয়ে আত্মহত্যা করেছে বলে জানায় স্থানীয়রা। শৈলকুপা থানার অফিসার ইনচার্জ (ওসি) জাহাঙ্গীর আলম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, পুলিশ ধর্ষকের লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ মর্গে পাঠিয়েছে।

চুয়াডাঙ্গায় নির্মাণাধীন বাড়ির সেপটিক ট্যাংক পরিষ্কার করতে গিয়ে স্কুলছাত্রীসহ দুজনের মৃত্যু

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় নির্মাণাধীন বাড়ির সেপটিক ট্যাংকে জমা পরিস্কার করতে গিয়ে গৃহকর্তার স্কুলপড়ুয়া মেয়ে আসমা খাতুন (১৫) ও দোকানের কর্মচারী হাসিবুল ইসলামের (২৫) মর্মান্তিক মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার বিকাল ৪টার দিকে এ দূর্ঘটনা ঘটে। নিহত আসমা খাতুন কার্পাসডাঙ্গা বাজারপাড়ার বাসিন্দা এরশাদুল ইসলামের মেয়ে এবং স্থানীয় মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেণির ছাত্রী।

স্থানীয়রা জানায়, এরশাদুল ইসলামের নির্মাণাধীন বাড়ির সেপটিক ট্যাংকে গত দুদিনের বৃষ্টিতে জমা পানি পরিষ্কার করতে নামে গৃহকর্তার মেয়ে আসমা খাতুন। ট্যাংকে নেমে আর উঠছে না দেখে তাকে উদ্ধার করতে ট্যাংকের ভিতরে নামে এরশাদুলের দোকানের কর্মচারী হাসিবুল ইসলাম। দুজনেরই কোন সাড়া না পেয়ে এলাকাবাসী দর্শনা ফায়ার সার্ভিসে খবর দেয়। ফায়ার সার্ভিসের কর্মিরা ঘটনাস্থলে এসে ট্যাংকের ভিতর থেকে দুজনের মৃতদেহ উদ্ধার করে।

দর্শনা ফায়ার সার্ভিসের স্টেশন ইনচার্জ হাজিফুর রহমান জানান, সেপটিক ট্যাংকের মধ্যে পানি জমার ফলে সেখানে বিষাক্ত গ্যাস তৈরি হয়েছিলো। ফলে সেখানে অক্সিজেনের ঘাটতি দেখা দেয়। এ অবস্থায় কেউ এর ভিতরে প্রবেশ করলে অক্সিজেন স্বল্পতার কারণে তার মৃত্যু হতে পারে। এ ক্ষেত্রেও এ ধরণের ঘটনা ঘটেছে।

মেপ্র/আজেএম

মেহেরপুর মানব উন্নয়ন কেন্দ্র মউক’র উদ্যোগে খাবার বিতরণ

মেহেরপুর জেলায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এর আয়োজনে পাঁচটি মাদ্রাসায় ছাত্রদের মাঝে খাবার ও মাস্ক বিতরণ করে ।

বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর জেলার বিভিন্ন মাদ্রাসায় শতাধিক ছাত্রদের মাঝে মাস্ক ও খাবার বিতরণ করে।
এসময় উপস্থিত ছিলেন মউক এর নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

তিনি বলেন করোনা কালীন সময়ের মধ্য দিয়ে মেহেরপুর জেলার সকল স্কুল, কলেজ, মাদ্রাসা অনির্দিষ্টকালের জন্য বন্ধ আছে। তাই আমাদের মধ্য দিয়ে মেহেরপুর জেলায় মাদ্রাসা গুলোতে খাবার বিতরণ করেছি। আমরা এর আগেও মহামারী পরিস্থিতিতে জনসাধারণের মাঝে মাস্ক ও ইফতার বিতরণ করেছি।

এসময় আরও উপস্থিত ছিলেন প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন, ফাইমা খাতুন, কাজল রেখাসহ সদস্য বৃন্দ।

মেপ্র/আজেএম

মৎস্য সপ্তাহ উপলক্ষে মাছে ক্ষতিকর রাসায়নিক প্রয়োগ বিরোধী অভিযান

জাতীয় মৎস্য সপ্তাহ ২০২০ উপলক্ষে ৩য় দিনের কর্মসূচি হিসাবে মুজিবনগরে মাছে ক্ষতিকর রাসায়নিক প্রয়োগ বিরোধী অভিযান ও মৎস্য বিষয়ক আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে।

বৃহস্প্রতিবার সকাল থেকে দুপু্র প্রর্যন্ত উপজেলার বিভিন্ন স্থানে এ অভিযান চালানো হয়।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম এ অভিযানে নেতৃত্ব দেন।

অভিযান চলাকালীন সময়ে কেদাগন্জ বাজারসহ বিভিন্ন জায়গায় মাছের ফরমালীন পরিক্ষা করা হয়।

কোন মাছে ফরমালীন পাওয়া যায়নি বলে জানিয়েছেন মৎস অফিসার শহিদুল ইসলাম।

এদিকে অভিযান চলাকালীন সময়ে ভৈরব নদীতে কারেন্ট জাল দেখতে পাওয়ায় জাল পুরিয়ে দেওয়া হয়।

এ সময় মৎস্য অফিসের ক্ষেত্র সহকারী আহসান হাবিব উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় একদিনের মাথায় আরও একজনের করোনায় মৃত্যু

আলমডাঙ্গায় একদিনের মাথায় আরও একজনের করোনা উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে। বুধবার (২২ জুলাই) দিবাগত রাত ১২ টায় টুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান।

মৃত মকবুল হোসেন (৮০) কলেজপাড়ার মৃত এনাম আলীর ছেলে ও পৌর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আলম হোসেনের পিতা। শহরের প্রসিদ্ধ ‘মকবুল ক্লথ স্টোর‘র স্বত্তাধিকারী ছিলেন তিনি।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার হাদি জিয়াউদ্দিন আহমেদ বলেন, মৃত মকবুল হোসেনের জ্বর ও শ্বাসকষ্টসহ করোনার অনেকগুলো উপসর্গ ছিল। তার নমুনা সংগহ্র করা হয়েছে। তিনি জানান, এ নিয়ে আলমডাঙ্গায় করোনা উপসর্গে মারা গেলেন চারজন। করোনাভাইরাসে মারা গেছেন একজন। মোট আক্রান্তের সংখ্যা ১০৫ জন।

জানা গেছে, মকবুল হোসেন কিছুদিন যাবৎ বয়সজনিত নানা সমস্যায় ভুগছিলেন। এরমধ্যে তার জ্বর ও শ্বাসকষ্ট দেখা দেয়। অবস্থা খারাপের দিকে গেলে তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়। সেখানেই তিনি বুধবার দিবাগত রাত ১২ টার দিকে মারা যান।

বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে আলমডাঙ্গা দারুস সালাম ঈদগাহ ময়দানে সরকারী নিয়মানুযায়ী জানাজা শেষে ইসলামী ফাউন্ডেশনের উদ্যেগে দাফন করা হয়। এ সময় জানাজায় অংশ নেন পৌরসভার মেয়র হাসান কাদির গনু, আলম হোসেনসহ পরিবারের সদস্যবৃন্দ।

মেহেরপুরে জেলা প্রশাসনের অভিযান

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে করোনা ভাইরাস প্রতিরোধে জন সচেতনতা সৃষ্টির লক্ষ্যে অভিযান পরিচালনা করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরের দিকে এ অভিযান পরিচালনা করা হয়।

সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মিথিলা দাস এর নেতৃত্বে মেহেরপুর শহরের বড়বাজার এলাকায় বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে এ অভিযান পরিচালনা করা হয়।

এ সময় ব্যবসায়ীসহ ক্রেতা সাধারণ এবং পথচারীদের মাস্ক ব্যবহারের জন্য সকলের প্রতি আহ্বান জানানো হয়। পরে শহরের বড়বাজার এলাকায়

মাস্ক না থাকায় এবং স্বাস্থ্যবিধি না মানায় ২৭৯ ধারায় ৩ জনের নিকট থেকে ৬ শ টাকা জরিমানা আদায় করা হয়। এ সময় এস আই রামপ্রসাদ সহ প্রমুখ উপস্থিত ছিলেন।

মেপ্র/এমএফআর